দৈনিক ইনকিলাব

তারিখ 21 MAY 1987
পৃষ্ঠা ... কলাম ...
১২ মে ১৯৮৭

COC 12

আল্‌কুরআন

বিছমিল্লাহির রাহমানির রাহীম

পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আলাম্‌তারা আন্নাল্লাহা ছাখ্যারা লাকুম্ মা ফিল্ আরদ্বি ওয়াল ফুল্‌কা তাজ্‌রী ফিল্‌বাহরি বিআমরিহি; ওয়া ইউমছিকুছ্-ছামা'আ আন্ তাক্বায়া আলাল্-আরদ্বি ইল্লা বিইজনিহি; ইন্নাল্লাহা বিন্নাছি লারাউফুর রাহীম।

(আপনি কি লক্ষ্য করেন না যে, আল্লাহ পাক পৃথিবীতে যা কিছু আছে তৎসমুদয়কে আপনাদের কল্যাণে নিয়োজিত করেছেন এবং তাঁর নির্দেশে সমুদ্রে বিচরণশীল নৌযানসমূহকে এবং তিনিই আকাশকে স্থির রাখেন যেন তা তাঁর অনুমতি ছাড়া পৃথিবীর উপর পতিত না হয়, নিশ্চয়ই আল্লাহ মানুষের প্রতি দয়ালু ও পরম করুণাশীল।)

[পারা-১৭, সূরা-হাজ্জ, আয়াত-৬৫, রুকু-৯]

ইয়া ইবাদি! লা খাওফুন্ আলাইকুমুল্ ইয়াওমা ওয়ালা আন্‌তুম্ তাহ্‌যানূন।

(হে আমার বান্দাগণ! আজ তোমাদের কোন ভয় নাই এবং তোমরা দুঃখিতও হবে না।)

[পারা-২৫, সূরা-যুখরুফ, আয়াত-৬৮, রুকু-৭]

তু'মিনূনা বিল্লাহি ওয়া রাসূলিহি ওয়া তুজাহিদূনা ফী ছাবীলিল্লাহি বিআমওয়ালিকুম ওয়া আন্‌ফুছিকুম, যা-লিকুম্ খাইরুল্লাকুম্ ইন্‌কুন্‌তুম তা'লামূন।

(তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের উপর বিশ্বাস স্থাপন কর এবং তোমাদের ধন-সম্পদ ও জীবন দ্বারা আল্লাহর পথে জিহাদ করো। ইহাই তোমাদের জন্য শ্রেয়, যদি তোমরা তা জান্‌তে।)

[পারা-২৮, সূরা-সাফ্‌ফ, আয়াত-১১, রুকু-২]